



grey matter pr

## PRESS CLIP

**Publication:-** Aajkaal

**Date:** - 14<sup>th</sup> May 2020

**Page :-05**

**Online panel discussion on “ COVID-19's Impact and Way Forward for India: An Economic Assessment” on 13<sup>th</sup> May organized by The Bengal Chamber**

# ধনীদের ওপর বেশি কর চাইলেন কৌশিক

## আজকালের প্রতিবেদন

‘ভারতে আমলারা প্রতিভাবান ও দক্ষ। তাঁদের দক্ষতা ও প্রতিভাকে কাজে লাগিয়ে আমাদের প্যাকেজের পরিকল্পনা করতে হবে।’ দ্য বেঙ্গল চেষ্টার (বিসিসিআই) আয়োজিত ‘ভারতে কোভিড-১৯-এর প্রভাব ও সেই সমস্যা কাটানো: একটি অর্থিক মূল্যায়ন’ শীর্ষক ‘ওয়েবিনার’, মানে অনলাইন আলোচনাচক্রে বললেন বিশিষ্ট অর্থনৈতিবিদ ড. কৌশিক বসু। বললেন, ‘আমরা একটা বড়সড় বিপর্যয় মোকাবিলা করছি। আর্থিকভাবে দৃঢ় মানুষকে সুরাহা দিতে খাবার ও ওয়েদ কেন্দ্রীয়ভাবে সরাসরি পৌছে দিতে হবে। এদেশে বিস্তর অসাম্য রয়েছে। আমাদের এমন একটা করব্যবস্থা করা উচিত, যাতে ধনীদের বেশি করে কর ও সম্পদকর দিতে হয় এবং যা গরিবদের কাছে পৌছে যায়। অগু কুন্দ ও মাঝারি শিঙ্গোদোগে কেন্দ্রীয় সরকার সহায় করার সিদ্ধান্ত নিয়েছে। এটা ভাল সিদ্ধান্ত। তবে নিগমগুলোকে উৎপাদন ও লাভের সুযোগ করে দিতে হবে। এখানেই

অদৃশ্য হাতের তস্তিকে কাজ করার সুযোগ দিতে হবে। সরকার কখনও পুরোপুরি নিয়ন্ত্রণ করতে পারবে না। ওপর থেকে নিচে আসা নিয়ন্ত্রণ বিষয়টি বড়সড় সমস্যার। গরিবদের কাছে পৌছে দিতে আমাদের করব্যবস্থা ও নীতি নিয়ে কাজ করতে হবে। গত দু বছরে ভারতের বৃদ্ধি ব্যাহত হয়েছে। তবে ব্যবসায়িক সুবিধে বাড়ানোয় ব্যবসার ক্ষেত্রে তৈরি হয়েছে। আমাদের মনে রাখতে হবে, বিশ্বের বড় বড় শিল্পসংস্থা ভারতের অবস্থা নিয়ে দৃশ্যস্থায়। মার্চ মাসেই ১৬০০ কোটি টাকার মূলধন ভারত থেকে বেরিয়ে গেছে। একটা বাজারের হিসেবে যা একটা রেকর্ড। আন্তর্জাতিক সংস্থাগুলো ব্যবসা অন্য দেশে সরিয়ে নিয়ে যাচ্ছে। আমাদের এ ব্যাপার সতর্ক হতে হবে। এবং এমনভাবে বদল আনতে হবে, যা ভবিষ্যতকে নিরাপদ করে তুলবে।’ অন্য বক্তারা ছিলেন এন আর ভানুমুর্তি, সৌগত ভট্টাচার্য, দেবাশিস মঞ্জিক, অভিনন্দন সরকার, সুনীল মিত্র। সঞ্জলনায় ছিলেন ড. অজিতভ রায়চৌধুরি।